৩/৮ 
৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
অপারেশনস্-১ শাখা
www.police.gov.bd

FAX

স্মারক নং-৪৪.০১.০০০০.০২০.৩৫.০৩৪.২০২১-৮১৩ তারিখঃ ২৫ এপ্রিল ২০২২

**বিষয় ঃ আসন্ন ঈদ-উল-ফিতর যথাযথ নিরাপত্তা ও মর্যাদার সাথে পালনের লক্ষ্যে নির্দেশাবলি প্রসঙ্গে।**

আসন্ন ঈদ-উল-ফিতর যথাযোগ্য মর্যাদা ও ধর্মীয় ভাবগাম্ভীর্যের সাথে উদ্‌যাপনের লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনা প্রতিপালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১. নিরাপত্তা হুমকি পর্যালোচনাপূর্বক নিরাপত্তা পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করতে হবে;
২. ঈদ-উল-ফিতর উপলক্ষে দেশব্যাপী সার্বিক আইন-শৃঙ্খলা স্বাভাবিক রাখার বিষয়টি সর্বোচ্চ গুরুত্ব দিতে হবে;
৩. জঙ্গি, সন্ত্রাসী, নাশকতামূলক কর্মকাণ্ড রোধকল্পে গোয়েন্দা নজরদারি বৃদ্ধিপূর্বক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে;
৪. ঈদের ছুটি চলাকালীন শপিংমল, আর্থিক প্রতিষ্ঠান, স্বর্ণের দোকান, অফিস ইত্যাদির সিসিটিভি ক্যামেরা সচল রাখতে এবং নিজস্ব নিরাপত্তা কর্মীদের সতর্ক থাকার নির্দেশনা প্রদান করতে হবে;
৫. মার্কেটে বিশেষ করে জুয়েলারীর দোকানসমূহে নিজস্ব নিরাপত্তা কর্মীর রাত্রিকালীন দায়িত্ব পালন নিশ্চিত করতে হবে;
৬. বড় ধরনের আর্থিক লেনদেন ও অর্থ পরিবহনের ক্ষেত্রে প্রয়োজনীয় সহায়তা প্রদান করতে হবে;
৭. সারাদেশে প্রধান প্রধান বাস স্টেশন, ট্রেন স্টেশন ও নৌ বন্দরে পুলিশ কন্ট্রোলরুম স্থাপন করতে হবে এবং অতিরিক্ত যাত্রী, বাস ও ট্রেনের ছাদে যাত্রী ও মালামাল পরিবহন রোধে সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করতে হবে;
৮. নৌপথে চলাচলকারী যানবাহনসমূহের আবহাওয়া পূর্বাভাস যথাযথভাবে অনুসরণ এবং লঞ্চঘাট ব্যতীত নদী পথের অন্য কোন স্থান হতে নৌকা দিয়ে লঞ্চে যাত্রী উঠা প্রতিরোধে নৌপুলিশের নজরদারি বৃদ্ধি করতে হবে;
৯. ঘাটসমূহে অস্থায়ী পুলিশ ক্যাম্প স্থাপন করতে হবে এবং ফিটনেসবিহীন লঞ্চ যেন চলাচল করতে না পারে সে বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে;
১০. প্রতিটি লঞ্চে পর্যাপ্ত অগ্নিনির্বাপক যন্ত্রপাতি ও লাইফ জ্যাকেট রাখতে হবে;
১১. জাতীয় ঈদগাহ, শোলাকিয়া (কিশোরগঞ্জ), গোর-এ শহীদ বড় ময়দান (দিনাজপুর) সহ দেশের প্রধান ঈদ জামাতস্থলে প্রযোজ্যক্ষেত্রে স্যুইপিং, আর্চওয়ে স্থাপন এবং স্কেলিটন ফোর্স মোতায়েন করতে হবে;
১২. সৌদি আরবের সাথে মিল রেখে (ঈদের পূর্বের দিন) যে সকল স্থানে ঈদ জামাত অনুষ্ঠিত হবে সে গুলোতে বিশেষ নিরাপত্তা প্রদান করতে হবে;
১৩. ঈদ উপলক্ষে মাঠ পর্যায়ে কর্মরত সকল ইউনিটের সমন্বয়ে নিরাপত্তা ব্যবস্থা জোরদার ও সুষ্ঠু ট্রাফিক ব্যবস্থাপনা নিশ্চিত করতে হবে;
১৪. চুরি, ডাকাতি, দস্যুতাসহ সম্পত্তির বিরুদ্ধে অপরাধ প্রতিরোধে বিট পুলিশের মাধ্যমে এলাকা ভিত্তিক টহল জোরদার করতে হবে;
১৫. অজ্ঞান পার্টি, মলম পার্টি, জাল টাকা, চাঁদাবাজি, ছিনতাই, দস্যুতাসহ সকল প্রকার অপরাধ প্রতিরোধে বিশেষ ব্যবস্থা গ্রহণ করতে হবে;
১৬. পর্যটকদের নিরাপত্তা ও সহযোগিতা নিশ্চিত করতে ট্যুরিস্ট স্পটসমূহে ট্যুরিস্ট পুলিশের হেল্প ডেস্ক স্থাপন করতে হবে;
১৭. মহাসড়কে ঈদের আগের ৩ দিন জরুরি পণ্য পরিবহন ব্যতীত অন্যান্য মালামাল পরিবহনে ব্যবহৃত ট্রাক, কাভার্ড ভ্যান, লরি ইত্যাদি বন্ধ রাখতে সংশ্লিষ্টদের সাথে সমন্বয় করতে হবে;
১৮. মহাসড়কে সুনির্দিষ্ট পূর্ব তথ্য ব্যতীত যাত্রীবাহী ও পণ্যবাহী যানবাহন থামানো যাবে না এবং নিষিদ্ধ যানবাহন চলাচল বন্ধ ও চাঁদাবাজি প্রতিরোধে নজরদারি বৃদ্ধিপূর্বক অভিযান পরিচালনা করতে হবে;
১৯. সড়ক দুর্ঘটনা প্রতিরোধে জয় রাইড, রেকলেস ড্রাইভিং এর বিরুদ্ধে জেলা পুলিশ ও হাইওয়ে পুলিশ কর্তৃক ব্যবস্থা গ্রহণ করতে হবে;
২০. ফেরী ঘাটে যানজট নিরসনে ফেরীর সংখ্যা বৃদ্ধি করার বিষয়ে সংশ্লিষ্টদের সাথে আলোচনা করতে হবে;
২১. যানজট এড়ানোর লক্ষ্যে পোশাক কারখানা সমূহে শ্রমিকদের পর্যায়ক্রমে ছুটি প্রদানের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে সমন্বয় করতে হবে;
২২. বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যমে সাম্প্রদায়িক সম্প্রীতি বিঘ্নকারী তথ্য, গুজব, বিভ্রান্তিকর ও উস্কানিমূলক পোস্ট, মন্তব্য বা ছবি আপলোড নিয়মিত মনিটরিং এবং প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করতে হবে;
২৩. গার্মেন্টস শ্রমিক ও অন্যান্য কারখানার শ্রমিকদের বকেয়া বেতন ও বোনাস যথাসময়ে পরিশোধের লক্ষ্যে মালিক ও শ্রমিকদের সাথে সমন্বয় সাধন করতে হবে;

২৪. রাত্রীকালীন ট্রাফিক ডিউটিতে রিফ্লেক্টিং ভেস্ট পরিধান নিশ্চিত করতে হবে;

২৫. মৌসুমী ঝড় বৃষ্টির বিষয়টি মাথায় রেখে দায়িত্ব পালন করতে হবে;

২৬. পুলিশ সদস্যদের ছুটির ক্ষেত্রে সুবিবেচনা নিশ্চিত করতে হবে এবং অননুমোদিত ছুটি বন্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

২৭. যে কোন গুরুত্বপূর্ণ ঘটনা/দুর্ঘটনা তাৎক্ষণিকভাবে এআইজি (অপারেশনস্-১), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা এবং পুলিশ হেডকোয়ার্টার্সের অপারেশনস্ কন্ট্রোল রুমকে অবহিত করতে হবে;

২৮. ডিউটিতে মোতায়েনের পূর্বে সিনিয়র অফিসার কর্তৃক পুলিশ সদস্যদের ব্রিফিং প্রদান করতে হবে।

২০/০৪/২২


(মোহাম্মদ এহ্সান সাত্তার)
বিপি ৭৮০৫১০৩৮২১
এআইজি
মোবাইল: ০১৩২০-০০০২১৫
ই-মেইল: aigops@police.gov.bd


**কার্যার্থেঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

১. পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা
২. মহাপরিচালক, র‍্যাব, র‍্যাব ফোর্সেস হেডকোয়ার্টার্স, কুর্মিটোলা, ঢাকা
৩. অ্যাডিশনাল আইজি, এসবি, বাংলাদেশ পুলিশ, ঢাকা
৪. অ্যাডিশনাল আইজি, সিআইডি, বাংলাদেশ পুলিশ, ঢাকা
৫. অ্যাডিশনাল আইজি, পুলিশ টেলিকম সংস্থা, বাংলাদেশ পুলিশ, ঢাকা
৬. অ্যাডিশনাল আইজি, হাইওয়ে পুলিশ, বাংলাদেশ পুলিশ, ঢাকা
৭. অ্যাডিশনাল আইজি, এন্টি টেররিজম ইউনিট, বাংলাদেশ পুলিশ, ঢাকা
৮. রেক্টর, পুলিশ স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা
৯. অ্যাডিশনাল আইজি, রেলওয়ে পুলিশ, বাংলাদেশ পুলিশ, ঢাকা
১০. অ্যাডিশনাল আইজি, নৌ পুলিশ, বাংলাদেশ পুলিশ, ঢাকা
১১. প্রিন্সিপ্যাল, বাংলাদেশ পুলিশ একাডেমি, সারদা, রাজশাহী
১২. অ্যাডিশনাল আইজি, পিবিআই, বাংলাদেশ পুলিশ, ঢাকা
১৩. অ্যাডিশনাল আইজি, আর্মড পুলিশ ব্যাটালিয়ন, বাংলাদেশ পুলিশ, ঢাকা
১৪. অ্যাডিশনাল আইজি, শিল্পাঞ্চল পুলিশ, বাংলাদেশ পুলিশ, ঢাকা
১৫. অ্যাডিশনাল আইজি, ট্যুরিস্ট পুলিশ, বাংলাদেশ পুলিশ
১৬. পরিচালক, পুলিশ হাসপাতাল, রাজারবাগ, ঢাকা
১৭. ডিআইজি, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল/সিলেট/ময়মনসিংহ রেঞ্জ, বাংলাদেশ পুলিশ
১৮. পুলিশ কমিশনার, সিএমপি/কেএমপি/আরএমপি/বিএমপি/এসএমপি/জিএমপি/আরপিএমপি
১৯. কমান্ড্যান্ট, পিটিসি, টাঙ্গাইল/নোয়াখালী/রংপুর/খুলনা
২০. কমান্ড্যান্ট, এপিবিএন ও বিশেষায়িত ট্রেনিং সেন্টার, খাগড়াছড়ি
২১. অ্যাডিশনাল ডিআইজি (অ্যাডমিনিস্ট্রেশন), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
২২. পুলিশ সুপার, ................................................... (সকল) জেলা
২৩. অধিনায়ক, এপিবিএন ও এসপিবিএন.........................................(সকল)
২৪. কমান্ড্যান্ট, আরআরএফ, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/পিএসটিএস, বেতবুনিয়া, রাঙ্গামাটি
২৫. কমান্ড্যান্ট, ইনসার্ভিস ট্রেনিং সেন্টার .......................................(সকল)
২৬. ভারপ্রাপ্ত কর্মকর্তা, অপারেশনস্ কন্ট্রোল এন্ড মনিটরিং সেন্টার, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা [পত্রটি ই-মেইল এবং ফ্যাক্সের মাধ্যমে প্রেরণ নিশ্চিতকরত: ডাইরীভুক্ত করার জন্য অনুরোধ করা হলো]